দৈনিক ইনকিলাব

তারিখ ..03..MAR 2008 ...
পৃষ্ঠা · ৭৪ · কলাম · ৩.....

# প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষায় একই ব্যবস্থা চালুর প্রধান উপদেষ্টার ঘোষণাকে অভিনন্দন

## –শিক্ষক-কর্মচারী ঐক্যজোট

স্টাফ রিপোর্টার ঃ শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের প্রধান সমন্বয়কারী প্রিন্সিপাল মোঃ সেলিম ভূঁইয়া ও জোটের আহ্বায়ক কাজী আঃ রাজ্জাক এক বিবৃতিতে শিক্ষাক্ষেত্রে বৈষম্য দূর করে প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ে একই ব্যবস্থা চালুর প্রধান উপদেষ্টার বক্তব্যকে অভিনন্দন জানিয়েছেন। নেতৃবৃন্দ বলেন, বেসরকারী শিক্ষক-কর্মচারীদের দীর্ঘদিনের প্রত্যাশিত দাবী আজ প্রধান উপদেষ্টার মুখ থেকে উচ্চারিত হওয়ায় শিক্ষকদের দাবী ও মর্যাদা প্রতিষ্ঠিত হয়েছে।